



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিহী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা)
ফ্যাক্স : ৮৮-০৮১-৭১১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: <https://www.facebook.com/cvgc.edu.bd>

স্থাপিত - ১৯৯৯

তারিখ : ০৬/০৬/২০২৩ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ২য় মেধা তালিকা ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ২য় মেধাতালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির যাবতীয় তথ্য এবং বিষয় পরিবর্তনকৃত শিক্ষার্থীদের করনীয় নিম্নে দেয়া হলো:

ভর্তির তারিখ: ০৮/০৬/২০২৩ হতে ১৪/০৬/২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত।

চূড়ান্ত ভর্তির ধাপসমূহ:

- ২য় মেধাতালিকায় স্থান প্রাপ্ত এবং ১ম মেধা তালিকায় ভর্তিকৃত বিষয় পরিবর্তন হওয়া শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://app1.nu.edu.bd/>) প্রবেশ করে আগামী ১৪/০৬/২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে ভর্তির আবেদন ফরম পূরণ ও প্রিন্ট করতে হবে।
- Latest Version Google Chrome Browser ব্যবহার করে কলেজের ওয়েবসাইট www.cvgc.edu.bd লিংকে প্রবেশ করে Honours Admission (2022-2023) বাটনে ক্লিক করে ২য় মেধাতালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীরা তথ্য ফরম পূরণ ও প্রিন্ট করবে এবং বিকাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নিম্নলিখিত ভর্তি ফি জমা দিয়ে বিকাশ Pay Slip প্রিন্ট করতে হবে।
- ১ম মেধা তালিকায় ভর্তিকৃত বিষয় পরিবর্তন হওয়া শিক্ষার্থীরা www.cvgc.edu.bd লিংকে প্রবেশ করে তথ্য ফরম পূরণ ও অতিরিক্ত ভর্তি ফি এর Pay Slip প্রিন্ট করবে (বিষয় পরিবর্তন হয়ে বিজ্ঞান অনুষদের বিষয় পেলে তাদের বিজ্ঞান অনুষদের সংশ্লিষ্ট বিষয়ে তথ্য ফরম পূরণের সময় নির্ধারিত অতিরিক্ত ভর্তি ফি বিকাশ মোবাইল ব্যাংকিং এ প্রদান করে বিকাশ Pay Slip প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিভাগে জমা করতে হবে)।

ভর্তি ফি:

ক্রমিক নং	বিভাগের নাম	ভর্তি, সেশন ফি, সেমিনার ফি ও অভ্যন্তরীণ পরীক্ষা ফি
০১.	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি ও ইসলামী শিক্ষা, দর্শন, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং	৫,১৪২/-
০২.	পদার্থবিদ্যা ও রসায়ন	৬,০৭২/-
০৩.	গণিত	৬,১০২/-
০৪.	পরিসংখ্যান	৬,০২২/-
০৫.	প্রাণিবিদ্যা ও উদ্ভিদবিজ্ঞান	৫,৯৭২/-

৩. উপর্যুক্ত কাজসমূহ সম্পন্ন করার পর নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউলোডকৃত ভর্তির চূড়ান্ত আবেদন ফরম।
- এস.এস.সি ও এইচ.এস.সি/সম্মান পরীক্ষা পাসের নম্বর পত্রের মূল কপি এবং ০২টি করে ফটোকপি।
- এস.এস.সি ও এইচ.এস.সি/সম্মান এর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ১ম বর্ষ অনার্স ভর্তির প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
- সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ০৪ কপি।
- কলেজের (www.cvgc.edu.bd) ওয়েবসাইট হতে শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ পূর্বক প্রিন্ট কপি।
- ভর্তি ফি এর জমাকৃত Pay slip এর প্রিন্ট কপি।

বি.দ্র. উপর্যুক্ত কাগজপত্রসমূহ বিভাগে জমা দেয়ার পরই ভর্তি নিশ্চয়নের কাজ সম্পন্ন হবে।

ভর্তি সংক্রান্ত তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের (www.nu.ac.bd) বিজ্ঞপ্তি হতে জানা যাবে।

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

অধ্যক্ষ কুমিল্লা

ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা।

০৬/০৬/২০২৩

বিতরণ:

- উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- বিভাগীয় প্রধান, বিভাগ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
(প্রত্যেক দিন ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা বেলা ২.০০ ঘটিকার মধ্যে কলেজ অফিসে ভর্তি শাখায় জমা দিবেন।)
- সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা